পাতা

# সেবার তালিকা

## বিআরডিবির সেবা

**(১) সেবার নাম- সমিতি/দল গঠনঃ**

এলাকা বা গ্রামের পক্ষে কোনো ব্যক্তি/ব্যক্তিবর্গকে দল গঠনের জন্য আবেদন করতে হয়। আবেদনপ্রাপ্তির পর উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয় কর্তৃক খানা জরিপের মাধ্যমে অভীষ্ট জনগোষ্ঠী নির্বাচন করা হয়। অতঃপর দল গঠনের প্রস্তুতিমূলক সভা করে চূড়ান্ত সভার আয়োজন করা হয়। এ সভা থেকে সদস্য নির্বাচন ও দলের ব্যবস্থাপনা কমিটি গঠিত হয়। গঠিত দলের কার্যক্রম অন্তত ৬ সপ্তাহ পর্যবেক্ষণ করা হয়। দলের স্বীকৃতির জন্য আবেদনের প্রেক্ষিতে দলীয় কার্যক্রম সন্তোষজনক থাকলে দলের স্বীকৃতি প্রদান করা হয়।

**(২) সেবার নাম- মূলধন গঠন (শেয়ার/সঞ্চয় জমা):**

অনুমোদিত দল/সমিতির সদস্যদের নিকট থেকে সাপ্তাহিক/পাক্ষিক সভার দিন শেয়ার/সঞ্চয় জমার জন্য উৎসাহ প্রদান এবং পাসবহিতে লিপিবদ্ধ করে শেয়ার/সঞ্চয় আদায় করা হয়। আদায়কৃত শেয়ার/সঞ্চয় সমিতি/দলের সাপ্তাহিক আদায় শিটে লিপিবদ্ধ করা হয়। আদায়কৃত শেয়ার/সঞ্চয় তিন পার্ট চালানের মাধ্যমে ব্যাংকে জমা করা হয়। ব্যাংক জমা অনুযায়ী উপজেলা অফিস ও দল/সমিতির হিসাব বহিতে লিপিবদ্ধ করে এবং বাৎসরিক ভিত্তিতে শেয়ার/সঞ্চয়ের ওপর লভ্যাংশ প্রদান করা হয়। মূলধন গঠনের মাসিক প্রতিবেদন প্রস্তুত করে জেলা দপ্তরে প্রেরণ করা হয়।

**(৩) সেবার নাম- দক্ষতা উন্নয়নও উদ্‌বুদ্ধকরণ প্রশিক্ষণঃ**

দল/সমিতির সদস্যগণের পক্ষে দলের ম্যানেজার সদস্যদের প্রশিক্ষণ চাহিদা অনুযায়ী প্রশিক্ষণের জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসে আবেদন দাখিল করেন। আবেদনগুলো উপজেলা কমিটির সভাতে উপস্থাপন করা হয়। কমিটি কর্তৃক দল/সমিতির সদস্যদের চাহিদা/যোগ্যতা বিবেচনাপূর্বক প্রশিক্ষণার্থী নির্বাচন করা হয়। অতঃপর প্রশিক্ষণ সিডিউল তৈরি, প্রশিক্ষণের বিষয় ও প্রশিক্ষক নির্বাচন করা হয়। প্রশিক্ষণের বাজেট অনুযায়ী প্রশিক্ষণসামগ্রী ক্রয়পূর্বক প্রশিক্ষণ প্রদানের কাজটি সম্পন্ন হয়। প্রশিক্ষণ শেষে সনদ প্রদান করা হয় এবং ঊর্ধ্বতন অফিসে প্রশিক্ষণ সমাপ্তির প্রতিবেদন প্রেরণ করা হয়।

**(৪) সেবার নাম - আত্মকর্মসংস্থান সৃষ্টি ও আয়বর্ধক কর্মকাণ্ডে ঋণ সহায়তাঃ**

অনুমোদিত দল/সমিতির সদস্যগণকে ঋণের জন্য আবেদনপত্র পূরণ করে সমিতি/দলের ম্যানেজারের নিকট জমা করতে হয়। ম্যানেজার কর্তৃক সমিতির সকল সদস্যের ঋণের আবেদন ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও দলের/সদস্যদের মোট ঋণের কাগজ প্রস্তুত করা হয়। ম্যানেজার কর্তৃক প্রস্তুতকৃত কাগজপত্রসহ দলের সকল সদস্যের ঋণ আবেদনপত্র উপজেলা দপ্তরে প্রেরণ/দাখিল করেন। উপজেলা পল্লী উন্নয়ন দপ্তরে ঋণ আবেদন যাচাই-বাছাই করার জন্য ঋণ বাছাই কমিটিতে উপস্থাপন করা হয়। ঋণ বাছাই কমিটির সভায় সিদ্ধান্ত গ্রহণ ও উপজেলা ঋণ কমিটির নিকট প্রেরণ করা হয়। উপজেলা ঋণ কমিটি কর্তৃক সিদ্ধান্ত গ্রহণ করে ক্ষেত্রবিশেষে উপপরিচালকের অনুমোদন গ্রহণ করা হয়। পরবর্তীতে ম্যানেজারকে ঋণ অনুমোদন সম্পর্কে অবহিত করে/ঋণ কমিটির সুপারিশক্রমে সদস্যওয়ারী ঋণ প্রদান করা হয়।

বিতরণকৃত ঋণ নীতিমালা অনুযায়ী মাঠ সংগঠক কর্তৃক আদায়পূর্বক ঋণের হিসাব সদস্যের ঋণ পাসবহিতে লিপিবদ্ধ করা হয় ও ঋণ খতিয়ানে লিখা হয়। আদায়কৃত ঋণের টাকা তিন পার্ট জমা স্লিপের মাধ্যমে ব্যাংকে জমা করা হয়। মাঠসংগঠক কর্তৃক ব্যাংক জমা স্লিপ সমিতির ম্যানেজারের নিকট ও উপজেলা দপ্তরে জমা করা হয়। হিসাবরক্ষক কর্তৃক ব্যাংক স্লিপসহ শর্টিং শিট প্রস্তুত, ঋণ লেজার ও ক্যাশবহি লেখার পর মাসিক আদায় প্রতিবেদন প্রস্তুত এবং প্রেরণ করা হয়।

**(৫) সেবার নাম - পল্লী অঞ্চলে ক্ষুদ্র ভৌত অবকাঠামো উন্নয়নঃ**

উন্মুক্ত সভার মাধ্যমে ইউনিয়ন পরিষদ কর্তৃক বাজেট ঘোষণার পর গ্রাম কমিটি কর্তৃক এলাকার চাহিদাভিত্তিক ক্ষুদ্র অবকাঠামো উন্নয়ন স্কিম নির্বাচন করা হয়। ইউনিয়ন পরিষদে স্কিমের চাহিদার অগ্রাধিকার তালিকা প্রস্তুতির পর ইউনিয়ন কমিটি সমন্বয় সভায় উপস্থাপন করা হয়। ইউনিয়ন কমিটি সমন্বয় সভায় গ্রামের মানুষের চাহিদা ও বাজেট বরাদ্দ অনুযায়ী স্কিম বাস্তবায়নের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়। গ্রাম কমিটি কর্তৃক মনোনীত স্কিম বাস্তবায়ন কমিটি নির্বাচিত স্কিমের প্রাক্কলন প্রস্তুত ও স্কিম প্রস্তাবনা উপজেলা দপ্তরে প্রেরণ করা হয়। উপজেলা দপ্তর থেকে প্রাপ্ত স্কিমের অনুমোদনের জন্য প্রাক্কলনসহ স্কিম প্রস্তাবনা জেলা দপ্তরে প্রেরণ করা হয়। অনুমোদিত স্কিমসমূহ স্কিম বাস্তবায়ন কমিটি কর্তৃক বাস্তবায়িত হয়। ইউনিয়ন ডেভেলপমেন্ট অফিস কর্তৃক স্কিম বাস্তবায়ন কার্যক্রম মনিটরিং করে কার্য সমাপনান্তে প্রতিবেদন অনুযায়ী বিল পরিশোধ করা হয়। উল্লেখ্য, কোনো স্কিমের মোট ব্যয়ের ২০% গ্রামবাসী, ১০% ইউনিয়ন পরিষদ ও ৭০% প্রকল্প কর্তৃক বহন করা হয়।